

পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি

(এলাকা ভিত্তিকপল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)

মরিচাল, হলারহাট, পিরোজপুর।

টেলিফোন নং- ৬২৩৯৭ ও ৬২২৭৮, ফ্যাক্স নং-৬৩৪৩৩, ইমেল নং- gmppbs@yahoo.com.



স্মারক নং- ২৭.১২.৭৯৮০.৫২১.০২.০০৮.২১. ৫৩১-১০১২

তারিখঃ ২৯ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ
১৪ নভেম্বর, ২০২১ খৃষ্টাব্দ

“আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি”

পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি- এ ষ্টোর কিপার-এর শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত আগ্রহী সহকারী ষ্টোর কিপারগণের মধ্যে যারা পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং পিরোজপুর পবিস কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ সংশোধিতঃ ২০১২খ্রিঃ” অনুযায়ী পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন সে সকল অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত স্বাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A-4 সাইজের) সাদা কাগজে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা
ষ্টোর কিপার	(ক) সহকারী ষ্টোর কিপার হিসেবে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে নূন্যতম ০৭ (সাত) বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। (খ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ এবং পিরোজপুর পবিস কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ সংশোধিতঃ ২০১২খ্রিঃ” অনুযায়ী পদোন্নতির সকল শর্তসমূহ পূরণ হতে হবে। (গ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং নূন্যতম ৩.৫০ (তিন দশমিক পাঁচ শূন্য) থাকতে হবে। (ঘ) বৈদ্যুতিক মালামাল এবং যন্ত্রাংশ সম্পর্কে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। (ঙ) পবিসের চাহিদা অনুযায়ী ফাইডিলাটি বন্ড প্রদানে সক্ষমতা থাকতে হবে। (চ) আবশ্যিকভাবে কম্পিউটার চালনায় পাদর্শী হতে হবে।

আবেদনের পদ্ধতিঃ

আবেদনকারীকে খামের উপর পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্বহস্তে বাংলায় (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, ((ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ঠ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ (ড) বর্তমান পদে যোগদান ও নিয়মিত করণের তারিখ উল্লেখপূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-এর সুপারিশ সম্বলিত আবেদন পত্রসহ আগামী ০৫/১২/২০২১খ্রিঃ রোজ রবিবার সকাল ১০:০০ ঘটিকার মধ্যে স-শরীরে পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, মরিচাল, হলারহাট-এ উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলীঃ

০১। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র/দলিলাদি এজিএম (এইচআর/প্রশাসন) কর্তৃক সত্যায়িতপূর্বক সংযুক্ত করতে হবে।

- সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রজিন ছবি।
- বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের ফটোকপি।
- পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের ফটোকপি।
- সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি।
- আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।
- প্রার্থীর বিরুদ্ধে বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে) এবং বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
- জাতীয় পরিচয়পত্র/ইউনিয়ন পরিষদ/পৌরসভা/চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।

(০২) উচ্চতর পদে পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিভাগীয় প্রার্থীকে বিবেচনা করা হবে না।

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(খ) সর্বশেষ ১ বছর কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার কারণে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন অবস্থায়;

(জ) দপ্তর/আপনা কর্তৃক ফৌজদারী মামলা চলমান থাকলে।

০৩। পদোন্নতির ক্ষেত্রে কোন জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র পবিসের ভৌগোলিক এলাকা অর্থাৎ পিরোজপুর জেলার সকল উপজেলাসহ বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ, শরণখোলা এবং বরগুনা জেলার বামনা ও পাথরঘাটা উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৪। নির্বাচনী প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ১ (এক) বছরের জন্য স্টোর কিপার (চলতি দায়িত্ব) হিসেবে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব থাকালীন বাৎসরিক কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী পূরণ সাপেক্ষে চাকুরী নিয়মিতকরণ করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরত অথবা নির্দেশিকা অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৫। চলতি দায়িত্বে নিয়োজিত থাকাকালীন সময়ে পূর্ব পদের অর্থাৎ সহকারী স্টোর কিপার পদের সর্বশেষ এলপিসি অনুযায়ী বেতন ও ভাতাদি প্রদান করা হবে।


০৬। বর্ণিত পদে কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হলে তা বাতিলের আবেদন/প্রত্যাখান করতে পারবেন না।

০৭। যে কোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৮। সাক্ষাৎকার পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮। শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে নিষ্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


২৪/৩/১৭
(শেখ মোহাম্মদ আলী)

জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)
পিরোজপুর পবিস।

অনুলিপিঃ (সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্ত আপনার নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।

০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর/ পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০৩। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা- (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, -----পবিস-১/২/৩/৪।

০৫। ডিজিএম, সদর দপ্তর- কারিগরী/মঠবাড়িয়া/স্বরূপকাঠী/মোরেলগঞ্জ/ নাজিরপুর জোনাল অফিস, পিরোজপুর পবিস।


০৬। এজিএম (ওএন্ডএম), ভান্ডারিয়া/শরণখোলা/পাথরঘাটা/বামনা সাব জোনাল অফিস, পিরোজপুর পবিস।

০৭। এজিএম ওএন্ডএম/ইএন্ডসি/অর্থ/প্রশাস/এমএস, সদর দপ্তর, পিরোজপুর পবিস।

০৮। এজিএম (আইটি), পিরোজপুর পবিস, ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিতকরণের জন্য।

০৯। নোটিশ বোর্ড, পিরোজপুর পবিস।

১০। অফিস কপি/মাস্টার কপি।


২৪/৩/১৭
(শেখ মোহাম্মদ আলী)

জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)
পিরোজপুর পবিস।